

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৭৬

পর্ব-৭: সওম (রোযা) (১ হান্)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - নতুন চাঁদ দেখার বর্ণনা

আরবী

وَعَن أَم سَلَمَة قَالَتْ: مَا رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَصُومُ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ إِلَّا شَعْبَانَ وَرَمَضَانَ. رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهُ

বাংলা

১৯৭৬-[৮] উম্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি কক্ষনো নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে শা'বান ও রমাযান (রমজান) ছাড়া একাধারে দু' মাস সিয়াম পালন করতে দেখিনি। (আবূ দাউদ, তিরমিযী, নাসায়ী, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ৭৩৬, নাসায়ী ২৩৫২, শামায়িল ২৫৫, সহীহ আত্ তারগীব ১০২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পূর্ণ শা'বান মাস অথবা শা'বান মাসের অধিকাংশ সময় সিয়াম পালন করতেন। এ হাদীস এবং পূর্বে বর্ণিত হাদীস। "অর্ধ শা'বানের পর সিয়াম পালন করবে না।" হাদীসদ্বয়ের সাথে বাহ্যিকভাবে সাংঘর্ষিক মনে হয়। ইমাম শাওকানী বলেনঃ এ হাদীসদ্বয়ের মধ্যে কোন বৈপরীত্য বা সংঘর্ষ নেই। বরং এ দুই হাদীসের মধ্যে সমন্বয় এই যে, যিনি এ সময়ে সিয়াম পালনে অভ্যন্ত তার জন্য নিষেধাজ্ঞা নেই। আর যিনি অভ্যন্ত নন তার জন্য এ নিষেধাজ্ঞা প্রযোজ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন